



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।
ওয়েব সাইট: www.techedu.gov.bd.



স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.১৫- ৬২২

তারিখ: ২৪ /১০/২০২১খ্রিঃ।

বিষয়: তদন্ত কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: দুদক, ঢাকা এর স্মারক নং-০০.০১.০০০০.৬৩১.২৬.০০২.২১.২৪৫৬০

তারিখ: ২৮/০৯/২০২১খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে তার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, ঢাকা হতে একটি পত্র পাওয়া যায় (সংযুক্তি-১)। উক্ত পত্রের সাথে মোঃ আলাউদ্দিন (সাবেক ম্যানেজিং কমিটির সদস্য, পদ্মা টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট) কর্তৃক দাখিলকৃত একটি অভিযোগের ছয়ালিপি সংযুক্ত রয়েছে (সংযুক্তি-২)। প্রাপ্ত পত্র মোতাবেক -

রাজশাহী জেলার চারঘাট উপজেলাধীন পদ্মা টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর নিয়োগপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মোঃ আমিনুল হক এর একাধিক সার্টিফিকেটে ৩য় শ্রেণী/বিভাগ থাকা সত্ত্বেও কৌশলে এমপিও ছুক্তি করার বিষয়ে অভিযোগ করা হয়েছে মর্মে উল্লেখ রয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে দুদক (অভিযোগ নং-৬৩/২০২১) কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকে বিষয়টি তদন্ত পূর্বক একটি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়।

২। এমতাবস্থায়, বিষয়টি সরেজমিন তদন্ত পূর্বক প্রতিবেদন আগামী ০৭(সাত) কর্মদিবসের মধ্যে এই দপ্তরে প্রেরণের জন্য তাকে তদন্ত কর্মকর্তা হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

এই আদেশ জনস্বার্থে জারী করা হলো।


২৪.১০.২০২১
(বিমল কুমার মিশ্র)
সহকারী পরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা

প্রাপক :

জনাব ড. রেজা হাসান মাহমুদ
সংযুক্ত কর্মকর্তা (আইন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.১৫- ৬২২

তারিখ: ২৪ /১০/২০২১খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিচালক, দৈনিক ও সাম্প্রতিক অভিযোগ সেল।
- ২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী।
- ৪। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৫। অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট, ঢাকা।
- ৬। সভাপতি, পদ্মা টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, চারঘাট, রাজশাহী।
- ৭। অধ্যক্ষ, পদ্মা টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, চারঘাট, রাজশাহী।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সংরক্ষণ নথি।